# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৪৬৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪৫৫]

১৫/ যিকির-আযকার প্রসঙ্গে (كتاب الأذكار)

পরিচ্ছেদঃ ২৪৮: সকাল-সন্ধ্যায় আল্লাহর যিকির

(248) بَابُ الذِّكْرِ عِنْدَ الصَّبَاحِ وَالْمَسَاءِ

আরবী

وَعَنِ ابنِ مَسعُود رضي الله عنه قَالَ: كَانَ نَبِيُّ اللهِ صلى الله عليه وسلم إِذَا أَمْسَى قَالَ: «أَمْسَيْنَا وَأَمْسَى المُلْكُ للهِ، وَالحَمْدُ للهِ، لاَ إِلٰهَ إِلاَّ اللهُ وَحْدَهُ لاَ شَرِيكَ لَهُ» قَالَ الرَّاوِي: أَرَاهُ قَالَ فِيهِنَّ: «لَهُ المُلْكُ وَلَهُ الحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدير، رَبِّ أَسْأَلُكَ خَيْرَ مَا فِي هَذِهِ اللَّيْلَةِ وَخَيْرَ مَا بَعْدَهَا، وَأَعُوذُ بِكَ مِنْ شَرِّ مَا فِي هَذِهِ اللَّيْلَةِ وَشَرِّ مَا بَعْدَهَا، رَبِّ أَعُوذُ بِكَ مِنَ الكَسَلِ، وَسُوءِ الكِبَرِ، رَبِّ أَعُوذُ بِكَ مِنْ عَذَابٍ فِي النَّارِ، وَعَذَابٍ فِي القَبْرِ»، وَإِذَا أَصْبَحَ قَالَ ذَلِكَ أَيضاً: «أَصْبَحْنَا وَأَصْبَحَ المُلْكُ للهِ» . رواه مسلم

বাংলা

৫/১৪৬৩। ইবনে মাসঊদ রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সন্ধ্যাবেলায় এই দো'আ পড়তেন,

'আমসাইনা অ আমসাল মুলকু লিল্লা-হ, অলহামদু লিল্লা-হ, লা ইলা-হা ইল্লাল্লা-হু অহ্দাহু লা শারীকা লাহ, লাহুল মুলকু অলাহুল হাম্দু অহুয়া আলা কুলি শাইয়িন ক্বাদীর। রাব্বি আস্আলুকা খাইরা মা ফী হা-যিহিল লাইলাতি অ খাইরা মা বা'দাহা, অ আঊযু বিকা মিন শার্রি মা ফী হা-যিহিল লাইলাতি অ শার্রি মা বা'দাহা, রাব্বি আঊযু বিকা মিনাল কাসালি অ সূইল কিবার, রাব্বি আঊযু বিকা মিন আযা-বিন ফিন্না-রি অ আযা-বিন ফিল ক্বাব্র।'

অর্থাৎ আমরা এবং সারা রাজ্য আল্লাহর জন্য সন্ধ্যায় উপনীত হলাম। আল্লাহর সমস্ত প্রশংসা, আল্লাহ ছাড়া কোন সত্য উপাস্য নেই, তিনি একক, (বর্ণনাকারী বলেন, আমার ধারণা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাতে বললেন,) তাঁর কোন শরীক নেই, তাঁরই জন্য সমস্ত রাজত্ব, তাঁরই জন্য যাবতীয় স্তুতি, এবং তিনি সকল বস্তুর উপর সর্বশক্তিমান। হে আমার প্রভু! আমি তোমার নিকট এই রাতে যে কল্যাণ নিহিত আছে তা এবং তার পরেও যে কল্যাণ আছে তাও প্রার্থনা করছি। আর আমি তোমার নিকট এই রাত্রে যে অকল্যাণ আছে তা এবং তারপরেও

যে অকল্যাণ আছে তা হতে আশ্রয় চাচ্ছি। হে আমার প্রতিপালক! আমি তোমার নিকট অলসতা এবং বার্ধক্যের মন্দ হতে পানাহ চাচ্ছি। হে আমার প্রভু! আমি তোমার নিকট জাহান্নামের এবং কবরের সকল প্রকার আযাব হতে আশ্রয় চাচ্ছি।

তিনি যখন সকালে উঠতেন তখনও এই দো’আ পাঠ করতেন; বলতেন ’আস্বাহনা ও আসবাহাল মুলকু লিল্লাহ------।’ (মুসলিম) [1]

## English

(248) Chapter: Remembrance of Allah in the Morning and in the Evening

'Abdullah bin Mas'ud (May Allah be pleased with him) reported:
When it was evening, the Prophet (ﷺ) used to supplicate: "Amsaina wa amsal-mulku lillah, wal-hamdu lillah. La 'ilaha illallahu wahdahu la sharika lahu (We have entered upon evening and the whole kingdom of Allah, too, has entered upon evening. Praise is due to Allah. There is none who has the right to be worshiped but Allah, the One who has no partner with Him)." He (the narrator) said: I think that he (ﷺ) used to follow the recitation with these words: "Lahul-mulku, wa lahul-hamdu, wa Huwa 'ala kulli shi'in Qadir. Rabbi as'aluka khaira ma fi hadhihil-lailati, wa khaira ma ba'daha; wa a'udhu bika min sharri ma fi hadhihil-lailati, wa sharri ma ba'daha; Rabbi a'udhu bika minal- kasali, wa su'il-kibari; Rabbi a'udhu bika min 'adhabin fin-nari, wa 'adhabin fil-qabri (His is the sovereignty and to Him is all praise due, and He is Omnipotent. My Rubb, I beg of you good that lies in this night and good that follows it, and I seek refuge in You from the evil that lies in this night and from the evil of that which follows it. My Rubb! I seek refuge in You from lethargy and the misery of old age. O Allah! I seek Your Protection from the torment of Hell-fire and the punishment of the grave)." When it was morning, he (ﷺ) would recite the same, replacing the words: "We have entered upon evening and the whole kingdom of Allah, too, has entered upon evening" with "We have entered upon morning and the whole kingdom of Allah entered upon morning." (Replace the words "Amsaina, amsa, hadhihil-lailati, ma ba'daha with Asbahna, asbaha, hadhal-yaumi, ma ba'dahu, respectively.)

[Muslim].

Commentary: It is desirable to recite the invocations cited in the Hadith in the morning and the evening and also when one goes to bed and awakes. The purpose is that the concept of Allah's Providence and Divinity remains

alive all the time in one's mind. With these words one seeks Allah's Protection in life and the Hereafter from things which are harmful. One also begs for his safety and guidance in this life and the Hereafter. This Hadith fully expresses one's recognition of Allah's Godhood and Lordship.

## ফুটনোট

[1] মুসলিম ২৭২৩, তিরমিযী ৩৩৯০, আবূ দাউদ ৫০৭১, আহমাদ ৪১৮১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন মাসঊদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=27153

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন